রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২০ সনের ২ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ৯, ২০২০

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৪৯—৬০ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ২৫—৪৪ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১—৭ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৫—৬৮ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**উর্ধ্বতন নিয়োগ-১ শাখা**

### শোক বার্তা

তারিখ : ১৫ পৌষ ১৪২৬/ ৩০ ডিসেম্বর ২০১৯

**নং ০৫.০০.০০০০.১৩২.৩২.০৭০.১৭-৮২৯**—সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অতিরিক্ত সচিব জনাব শিশির কুমার রায় (পরিচিতি নম্বর-৪৯৩৬) গত ২০-১১-২০১৯ তারিখ রাত ১.৩০ ঘটিকায় হৃদরোগে আক্রান্ত হয়ে এ্যাপোলো হাসপাতাল, ঢাকায় মৃত্যুবরণ করেন।

২। জনাব শিশির কুমার রায় ৩১ ডিসেম্বর ১৯৬০ তারিখে সুনামগঞ্জ জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ১৫ ফেব্রুয়ারি, ১৯৮৮ তারিখে বিসিএস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন। তিনি ১১ ডিসেম্বর, ২০১৭ তারিখে অতিরিক্ত সচিব পদে পদোন্নতি লাভ করেন।

৩। জনাব শিশির কুমার রায় দীর্ঘ চাকরি জীবনে অত্যন্ত কর্তব্যপরায়ণ, দক্ষ, নিষ্ঠাবান ও সদালাপী কর্মকর্তা ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী ও ২(দুই) পুত্রসহ বহু আত্মীয়-স্বজন এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জনাব শিশির কুমার রায় এর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করছে এবং তার পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।

**ফয়েজ আহম্মদ**
সিনিয়র সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**বাণিজ্যিক ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৬ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ /১১ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

নং **৫৩.০০.০০০০.৩১২.২২.০০২.১৯-২০৬**—রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনা পরিচালক, উপব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপক পদে নিয়োগ/পদোন্নতি ও পদায়নের জন্য নিম্নরূপভাবে একটি নীতিমালা জারি করা হলো :—

১। **শিরোনাম :**— ইহা "রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনা পরিচালক, উপব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপক পদে নিয়োগ/পদোন্নতি ও পদায়ন বিষয়ক নীতিমালা-২০১৯" নামে অভিহিত হবে।

২। **প্রযোজ্যতা :**—ইহা রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ব্যবস্থাপনা পরিচালক ও উপব্যবস্থাপনা পরিচালক পদে এবং রাষ্ট্র মালিকানাধীন বিশেষায়িত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনা পরিচালক, উপব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপক পদে নিয়োগ/পদোন্নতি ও পদায়নের জন্য প্রযোজ্য হবে।

৩। **নিয়োগ/পদোন্নতি/পদায়ন/আন্তঃব্যাংক বদলি পদ্ধতি :**—

(ক) রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনা পরিচালক পদে চুক্তিভিত্তিক অথবা পদোন্নতির মাধ্যমে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক নিয়োগ ও পদায়ন সম্পন্ন করা হবে।

(খ) রাষ্ট্র মালিকানাধীন সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের উপব্যবস্থাপনা পরিচালক পদে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক পদোন্নতির মাধ্যমে নিয়োগ, পদায়ন ও আন্তঃব্যাংক বদলি সম্পন্ন করা হবে।

(গ) রাষ্ট্র মালিকানাধীন বিশেষায়িত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের মহাব্যবস্থাপক পদে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক পদোন্নতির মাধ্যমে নিয়োগ, পদায়ন ও আন্তঃব্যাংক বদলি সম্পন্ন করা হবে।

(ঘ) রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের মহাব্যবস্থাপক পদে স্ব স্ব ব্যাংক কর্তৃক পদোন্নতির মাধ্যমে নিয়োগ ও পদায়ন সম্পন্ন করা হবে।

(ঙ) জনস্বার্থে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের মহাব্যবস্থাপক পদে আন্তঃব্যাংক বদলি; রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক হতে বিশেষায়িত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে এবং বিশেষায়িত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান হতে বাণিজ্যিক ব্যাংকসমূহে প্রেষণে নিয়োগ কার্যক্রম আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক সম্পন্ন করা হবে।

৪। **আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে** অনুসরণীয় **পদ্ধতি :**—

(১) **ব্যবস্থাপনা পরিচালক :**—নিয়মিতভাবে পদোন্নতি প্রাপ্ত হয়ে রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে কর্মরত উপ ব্যবস্থাপনা পরিচালকগণ-কে পদোন্নতির জন্য বিবেচনা করা হবে। মাননীয় অর্থমন্ত্রীর নেতৃত্বে গঠিত কমিটির সুপারিশ ও মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে ব্যবস্থাপনা পরিচালক পদে পদোন্নতি প্রদান ও পদায়ন করা হবে।

(২) **উপব্যবস্থাপনা পরিচালক :**—রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে অন্যূন ২ (দুই) বছরের কর্ম অভিজ্ঞতা সম্পন্ন মহাব্যবস্থাপকগণ-কে পদোন্নতির জন্য বিবেচনা করা হবে। আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক মাননীয় অর্থমন্ত্রীর নেতৃত্বে গঠিত কমিটির সুপারিশ ও মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে উপব্যবস্থাপনা পরিচালক পদে পদোন্নতি প্যানেল চূড়ান্ত করা হবে। সরকারের চূড়ান্ত অনুমোদিত প্যানেল হতে পর্যায়ক্রমে পদোন্নতি কার্যকর, পদায়ন ও আন্তঃব্যাংক/প্রতিষ্ঠান বদলি মাননীয় অর্থমন্ত্রীর অনুমোদনক্রমে সম্পন্ন হবে। উল্লেখ্য, সংশ্লিষ্ট কমিটি ৬(২) অনুচ্ছেদে বর্ণিত বাছাই পদ্ধতি অনুসরণপূর্বক প্রার্থী বাছাই করে মেধাক্রম অনুসারে পদোন্নতি প্যানেল প্রস্তুত করে সরকারের নিকট সুপারিশ পেশ করবে।

(৩) **মহাব্যবস্থাপক :**—রাষ্ট্র মালিকানাধীন বিশেষায়িত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে অন্যূন ৩ (তিন) বছরের কর্ম অভিজ্ঞতা সম্পন্ন উপমহাব্যবস্থাপকগণ-কে পদোন্নতির জন্য বিবেচনা করা হবে। আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক গঠিত কমিটির সুপারিশ ও মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে মহাব্যবস্থাপক পদে পদোন্নতি প্যানেল চূড়ান্ত করা হবে। সরকারের চূড়ান্ত অনুমোদিত প্যানেল হতে পর্যায়ক্রমে পদোন্নতি কার্যকর ও পদায়ন মাননীয় অর্থমন্ত্রীর অনুমোদনক্রমে সম্পন্ন করা হবে। উল্লেখ্য, সংশ্লিষ্ট কমিটি অনুচ্ছেদ ৭(২) এ বর্ণিত বাছাই পদ্ধতি অনুসরণপূর্বক প্রার্থী বাছাই করে মেধাক্রম অনুসারে পদোন্নতি প্যানেল প্রস্তুত করে সরকারের নিকট সুপারিশ পেশ করবে।

৫। **পদোন্নতি কমিটি :**

রাষ্ট্র মালিকানাধীন বিশেষায়িত ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনা পরিচালক, উপব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপক এবং বাণিজ্যিক ব্যাংকসমূহের উপব্যবস্থাপনা পরিচালক পদে পদোন্নতির জন্য উপযুক্ত প্রার্থী বাছাইকরণের জন্য নিম্নরূপ কমিটি গঠিত হবে :—

১. ব্যবস্থাপনা পরিচালক ও উপব্যবস্থাপনা পরিচালক পদে পদোন্নতির জন্য প্রার্থী বাছাইকরণ সংক্রান্ত কমিটি :—

| | | |
|---|---|---|
| (১) | অর্থমন্ত্রী | চেয়ারম্যান |
| (২) | প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য |
| (৩) | গভর্নর, বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| (৪) | সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| (৫) | সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সদস্য |
| (৬) | অতিরিক্ত সচিব (ব্যাংক প্রশাসন)/যুগ্ম-সচিব (বাণিজ্যিক ব্যাংক) আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সদস্য-সচিব |

২. মহাব্যবস্থাপক পদে পদোন্নতির জন্য প্রার্থী বাছাইকরণ সংক্রান্ত কমিটি :—

| | | |
|---|---|---|
| (১) | গভর্নর, বাংলাদেশ ব্যাংক | চেয়ারম্যান |
| (২) | সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সদস্য |
| (৩) | নির্বাহী পরিচালক, বিআরপিডি, বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| (৪) | অতিরিক্ত সচিব (ব্যাংক প্রশাসন)/যুগ্ম-সচিব (বাণিজ্যিক ব্যাংক) আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সদস্য-সচিব |

৬। **উপব্যবস্থাপনা পরিচালক পদে পদোন্নতির জন্য প্রার্থী বাছাই পদ্ধতি :—**

উপব্যবস্থাপনা পরিচালক পদে পদোন্নতির জন্য সুপারিশ প্রণয়নের নিমিত্ত প্রার্থী বাছাইকল্পে সরকার কর্তৃক গঠিত কমিটি নিম্নোক্ত বিষয়গুলো বিবেচনা করবে :—

(১) কমিটি ফিডার পদধারী যোগ্য কর্মচারীগণের জন্য প্রণীত জ্যেষ্ঠতা তালিকা অনুযায়ী মহাব্যবস্থাপকগণের সাক্ষাতকার গ্রহণ করবে;

(২) পদোন্নতিযোগ্য প্রার্থীগণের শিক্ষাগত যোগ্যতা, ব্যাংকে চাকুরীকাল, ব্যাংকিং ডিপ্লোমা, নেতৃত্বের গুণাবলি, পেশাগত ডিগ্রি, বহুমুখী কর্ম অভিজ্ঞতা, প্রশিক্ষণ, ইনোভেশন, প্রাপ্ত প্রণোদনা/পুরস্কার, চাকুরী জীবনে সততা/পেশাগত যোগ্যতা/বিশ্বস্ততা/ সুনাম ও বার্ষিক গোপনীয় অনুবেদন ইত্যাদি বিবেচনা করে সর্বমোট ১০০ (একশত) নম্বরের ভিত্তিতে প্রার্থীগণকে সার্বিক মূল্যায়ন করতে হবে। উক্ত ১০০ (একশত) নম্বরের বিষয়ভিত্তিক বিভাজন (Break-up) নিম্নরূপ হবে :—

| | | | **নম্বর বিভাজন** |
|---|---|---|---|
| ১. | শিক্ষাগত যোগ্যতা | ঃ | ১৫ |
| ২. | ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে চাকুরীকাল | ঃ | ০৭ |
| ৩. | ব্যাংকিং ডিপ্লোমা | ঃ | ০৪ |
| ৪. | নেতৃত্ব পরিমাপন | ঃ | ০৪ |
| ৫. | পেশাগত ডিগ্রি | ঃ | ০২ |
| ৬. | চাকুরী জীবনে বহুমুখী কর্ম অভিজ্ঞতা | ঃ | ০৪ |
| ৭. | পেশাগত দক্ষতা | ঃ | ০৬ |
| ৮. | প্রশিক্ষণ/ওয়ার্কশপ/সেমিনার/শিক্ষা সফরে অংশগ্রহণ (অভ্যন্তরীণ/ বৈদেশিক) | ঃ | ০৫ |
| ৯. | পেশাগত প্রকাশনা(দেশে-বিদেশে কোন স্বীকৃত জার্নালে প্রকাশিত লেখা | ঃ | ০২ |
| ১০. | প্রাপ্ত প্রণোদনা/পুরস্কার | ঃ | ০১ |
| ১১. | ইনোভেশন(শুদ্ধাচার, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ই-নথি ব্যবস্থাপনা, ইন্টারনেট ব্যাংকিং, সফ্টওয়ার উন্নয়ন/নির্মাণ) | ঃ | ০৫ |
| ১২. | কমিউনিকেশন দক্ষতা | ঃ | ০৫ |
| ১৩. | এসিআর | ঃ | ৩০ |
| ১৪. | সাক্ষাতকার গ্রহণ | ঃ | ১০ |
| | মোট নম্বর | = | ১০০ |

১. **শিক্ষাগত যোগ্যতা** **১৫ নম্বর**

| **ক্রঃ নঃ** | **ডিগ্রি** | **নম্বর বিভাজন** |
|---|---|---|
| (ক) | স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি | |
| ১) | প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ | ৪ |
| ২) | দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ | ৩ |
| ৩) | তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ | ২ |
| (খ) | স্নাতক বা সমমানের ডিগ্রি (সম্মান) | |
| ১) | প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ | ৫ |
| ২) | দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ | ৪ |
| ৩) | তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ | ২ |
| | অথবা, স্নাতক (পাশ) বা সমমানের ডিগ্রি | |
| ১) | প্রথম বিভাগ বা সমমানের সিজিপিএ | ৪.৫ |
| ২) | দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ | ৩.৫ |
| ৩) | তৃতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ | ২ |

| | | | |
|---|---|---|---|
| | (গ) উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের ডিগ্রি | | |
| | ১) প্রথম বিভাগ বা সমমানের জিপিএ | ৩ | |
| | ২) দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ | ২ | |
| | ৩) তৃতীয় বিভাগ বা সমমানের জিপিএ | ১ | |
| | (ঘ) মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের ডিগ্রি | | |
| | ১) প্রথম বিভাগ বা সমমানের জিপিএ | ৩ | |
| | ২) দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ | ২ | |
| | ৩) তৃতীয় বিভাগ বা সমমানের জিপিএ | ১ | |
| ২. | **ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে চাকুরীকাল** (উপব্যবস্থাপনা পরিচালক পদে পদোন্নতি বিবেচনার জন্য ন্যূনতম চাকুরীকাল ১৮ বছর) | | **০৭ নম্বর** |
| | (ক) উপমহাব্যবস্থাপক পদে (প্রতি বছর ১ নম্বর) | (সর্বোচ্চ) ০৩ | |
| | (খ) মহাব্যবস্থাপক পদে (প্রতি বছর ১.৫ নম্বর) | (সর্বোচ্চ) ০৪ | |
| ৩. | **ব্যাংকিং ডিপ্লোমা** | | **০৪ নম্বর** |
| | (ক) প্রথম পর্ব (JAIBB) | ০২ | |
| | (খ) প্রথম ও দ্বিতীয় পর্ব (DAIBB) | ০৪ | |
| ৪. | **নেতৃত্ব পরিমাপন (মাধ্যম- মাঠ পর্যায়ে কর্ম অভিজ্ঞতা)** | | **০৪ নম্বর** |
| | (ক) গ্রেড-১ শাখার প্রধান হিসেবে/ ট্রেজারি বা ফরেন ট্রেড বা আইসিটি সংক্রান্ত কার্যক্রমে ন্যূনতম ০১ বছরের কর্ম অভিজ্ঞতা | ০৩ | |
| | (খ) এরিয়া চীফ/ডিভিশন চীফ/কর্পোরেট-১/কর্পোরেট-২ শাখার প্রধান হিসাবে/ প্রিন্সিপাল বা লোকাল ব্রাঞ্চে ন্যূনতম ০১ বছরের কর্ম অভিজ্ঞতা (ক এবং খ উভয়ে কাজ করার অভিজ্ঞতা থাকলেও এই সেকশনে অন্তর্ভুক্ত হবে) | ০৪ | |
| ৫. | **পেশাগত ডিগ্রি** (CA/ICMA/ACCA/MBM(BIBM)/CPA/DBA/ CCNA/CISA) | | **০২ নম্বর** |
| ৬. | **চাকুরী জীবনে বহুমুখী কর্ম অভিজ্ঞতা** (ঋণ ও অগ্রিম, বৈদেশিক বাণিজ্য, ট্রেজারি ম্যানেজমেন্ট, এইচআরএম, এন্টি মানি লন্ডারিং, প্রশিক্ষণ কেন্দ্র, পলিসি, আইটি, অডিট এন্ড ইন্সপেকশন, সাইবার সিকিউরিটি, লিটিগেশন বিভাগ ও শাখা প্রধান হিসেবে ন্যূনতম ০১ বছর কার্যসম্পাদন) | | **০৪ নম্বর** |
| | (ক) ৪ (চার) বা ততোধিক বিভাগে কার্যসম্পাদন | ০৪ | |
| | (খ) ৪ (চার) এর কম বিভাগে কার্যসম্পাদন | ০৩ | |
| ৭. | **পেশাগত দক্ষতা** | | **০৬ নম্বর** |
| | (ক) আমানত সংগ্রহ/তহবিল ব্যবস্থাপনা | | |
| | (খ) ঋণ ব্যবস্থাপনা | | |
| | (গ) NPL ব্যবস্থাপনা | | |
| | (ঘ) AML/Cyber Security/Risk Management | | |
| | (ঙ) General Banking/Banking Laws & practices | | |
| | (চ) Innovative Financial Instruments Developement | | |
| ৮. | **প্রশিক্ষণ/ওয়ার্কশপ/ সেমিনার/শিক্ষা সফরে অংশগ্রহণ (অভ্যন্তরীণ/ বৈদেশিক)** | | **০৫ নম্বর** |
| | **প্রশিক্ষণের নাম** | | |
| | (ক) Foreign Trade Financing/Loan & Advance | | |
| | (খ) Retail Banking/SME/Entrepreneurship Developement | | |
| | (গ) Trade Financing/Working Capital Financing | | |
| | (ঘ) Venture Capital Financing/Start-up Financing | | |
| | (ঙ) Credit/Project Appraisal & management | | |
| | (চ) Human Resources Management | | |
| | (ছ) Any Foreign Training/Workshop | | |
| | (জ) CBS/ICT Training | | |
| | (ঝ) Anti Money Laundering and Countering the Financing of Terrorism | | |
| | (ঞ) Ethics, integrity and Good Governance etc. | | |

| | | |
|---|---|---|
| ৯. | **পেশাগত প্রকাশনা** ( দেশে বিদেশে কোনো স্বীকৃত জার্নালে প্রকাশিত পেশাগত লেখা ও পুস্তক প্রকাশনা) | **০২ নম্বর** |
| ১০. | **প্রাপ্ত প্রণোদনা/পুরস্কার** (বিশেষ কোনো কাজে সাফল্য অর্জনে ব্যাংক কর্তৃক প্রদত্ত প্রণোদনা ও পুরস্কার যা ব্যাংকের বোর্ড অব ডিরেক্টর কর্তৃক অনুমোদিত) | **০১ নম্বর** |
| ১১. | **ইনোভেশন** (শুদ্ধাচার, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ই-নথি ব্যবস্থাপনা, ইন্টারনেট ব্যাংকিং, সফ্‌টওয়ার উন্নয়ন/নির্মাণ ইত্যাদি) | **০৫ নম্বর** |
| ১২. | **কমিউনিকেশন দক্ষতা (গ্রাহক/আন্তঃপ্রাতিষ্ঠানিক যোগাযোগ)** | **০৫ নম্বর** |
| ১৩. | **বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর)** | **৩০ নম্বর** |
| ১৪. | **সাক্ষাতকার গ্রহণ ও উপস্থাপনা** (Power point উপস্থাপনার বিবেচ্য বিষয়সমূহ: প্রার্থীর-ব্যক্তিত্ব, শিষ্টাচার, উপস্থাপনা ও নিয়ন্ত্রণ ক্ষমতা, ব্যাংকিং আইন-কানুন, আন্তর্জাতিক ব্যাংকিং, বাংলাদেশের ব্যাংকিং সমস্যা ও সমাধান, এন্টি মানি লন্ডারিং, অ্যাসেট ম্যানেজমেন্ট, NPL Recovery, Merger of Banks, Digital Banking ইত্যাদি যে কোনো বিষয়ে ০৫ মিনিট উপস্থাপনা করতে হবে) | **১০ নম্বর** |
| | **মোট =** | **১০০ নম্বর** |

৭। **আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক মহাব্যবস্থাপক পদে পদোন্নতির জন্য প্রার্থী বাছাই পদ্ধতি :—**

মহাব্যবস্থাপক পদে পদোন্নতির জন্য সুপারিশ প্রণয়নের নিমিত্তে প্রার্থী বাছাইকল্পে সরকার কর্তৃক গঠিত কমিটি নিম্নোক্ত বিষয়গুলো বিবেচনা করবে :-

(১) কমিটি ফিডার পদধারী যোগ্য কর্মচারীগণের জন্য প্রণীত জ্যেষ্ঠতা তালিকা অনুযায়ী উপমহাব্যবস্থাপকগণের সাক্ষাতকার গ্রহণ করবে ;

(২) পদোন্নতিযোগ্য প্রার্থীগণের শিক্ষাগত যোগ্যতা, ব্যাংকে চাকুরীকাল, ব্যাংকিং ডিপ্লোমা, নেতৃত্বের গুণাবলি, পেশাগত ডিগ্রি, বহুমুখী কর্ম অভিজ্ঞতা, প্রশিক্ষণ, ইনোভেশন, প্রাপ্ত প্রণোদনা/পুরস্কার, চাকুরী জীবনে সততা/পেশাগত যোগ্যতা/বিশ্বস্ততা/ সুনাম ও বার্ষিক গোপনীয় অনুবেদন ইত্যাদি বিবেচনা করে সর্বমোট ১০০ (একশত) নম্বরের ভিত্তিতে প্রার্থীগণকে সার্বিক মূল্যায়ন করতে হবে। উক্ত ১০০(একশত) নম্বরের বিষয়ভিত্তিক বিভাজন (Break-up) নিম্নরূপ হবেঃ—

| | | | **নম্বর বিভাজন** |
|---|---|---|---|
| ১. | শিক্ষাগত যোগ্যতা | ঃ | ১৫ |
| ২. | ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে চাকুরীকাল | ঃ | ০৭ |
| ৩. | ব্যাংকিং ডিপ্লোমা | ঃ | ০৬ |
| ৪. | নেতৃত্ব পরিমাপন | ঃ | ০২ |
| ৫. | চাকুরী জীবনে বহুমুখী কর্ম অভিজ্ঞতা | ঃ | ০২ |
| ৬. | পেশাগত দক্ষতা | ঃ | ০৫ |
| ৭. | প্রশিক্ষণ/ওয়ার্কশপ/সেমিনার/শিক্ষা সফরে অংশগ্রহণ (অভ্যন্তরীণ/ বৈদেশিক) | ঃ | ০২ |
| ৮. | পেশাগত প্রকাশনা (দেশে-বিদেশে কোনো স্বীকৃত জার্নালে প্রকাশিত লেখা) | ঃ | ০১ |
| ৯. | প্রাপ্ত প্রণোদনা/পুরস্কার | ঃ | ০১ |
| ১০. | ইনোভেশন (শুদ্ধাচার, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ই-নথি ব্যবস্থাপনা, ইন্টারনেট ব্যাংকিং, সফ্‌টওয়ার উন্নয়ন/নির্মাণ) | ঃ | ০২ |
| ১১. | কমিউনিকেশন দক্ষতা | ঃ | ০২ |
| ১২. | এসিআর | ঃ | ৪৫ |
| ১৩. | সাক্ষাতকার গ্রহণ | ঃ | ১০ |
| | মোট নম্বর | = | ১০০ |

১. **শিক্ষাগত যোগ্যতা** **১৫ নম্বর**

| **ক্রঃ নঃ** | **ডিগ্রি** | **নম্বর বিভাজন** |
|---|---|---|
| (ক) | স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি | |
| ১) | প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ | ৪ |
| ২) | দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ | ৩ |
| ৩) | তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ | ২ |

| | | | |
|---|---|---|---|
| | (খ) স্নাতক বা সমমানের ডিগ্রি (সম্মান) | | |
| | ১) প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ | ৫ | |
| | ২) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ | ৪ | |
| | ৩) তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ | ২ | |
| | অথবা, স্নাতক (পাশ) বা সমমানের ডিগ্রি | | |
| | ১) প্রথম বিভাগ বা সমমানের সিজিপিএ | ৪.৫ | |
| | ২) দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ | ৩.৫ | |
| | ৩) তৃতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ | ২ | |
| | (গ) উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের ডিগ্রি | | |
| | ১) প্রথম বিভাগ বা সমমানের জিপিএ | ৩ | |
| | ২) দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ | ২ | |
| | ৩) তৃতীয় বিভাগ বা সমমানের জিপিএ | ১ | |
| | (ঘ) মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের ডিগ্রি | | |
| | ১) প্রথম বিভাগ বা সমমানের জিপিএ | ৩ | |
| | ২) দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ | ২ | |
| | ৩) তৃতীয় বিভাগ বা সমমানের জিপিএ | ১ | |
| ২. | **ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে চাকুরীকাল** (মহাব্যবস্থাপক পদে পদোন্নতি বিবেচনার জন্য ন্যূনতম চাকুরীকাল ১৫ বছর) | | **০৭ নম্বর** |
| | (ক) সহকারী মহাব্যবস্থাপক পদে (প্রতি বছর ১ নম্বর) | (সর্বোচ্চ) ০৩ | |
| | (খ) উপমহাব্যবস্থাপক পদে (প্রতি বছর ১.৫ নম্বর) | (সর্বোচ্চ) ০৪ | |
| ৩. | **ব্যাংকিং ডিপ্লোমা** | | **০৬ নম্বর** |
| | (ক) প্রথম পর্ব (JAIBB) | ০৩ | |
| | (খ) প্রথম ও দ্বিতীয় পর্ব (DAIBB) | ০৩ | |
| ৪. | **নেতৃত্ব পরিমাপন (মাঠ পর্যায়ে কর্ম অভিজ্ঞতা-মাধ্যম)** | | **০২ নম্বর** |
| | (ক) গ্রেড-১ শাখার প্রধান হিসেবে/ ট্রেজারি বা ফরেন ট্রেড বা আইসিটি সংক্রান্ত কার্যক্রমে ন্যূনতম ০১ বছরের কর্ম অভিজ্ঞতা | ০১ | |
| | (খ) এরিয়া চীফ/ডিভিশন চীফ/কর্পোরেট-১/কর্পোরেট-২ শাখার প্রধান হিসাবে/ প্রিন্সিপাল বা লোকাল ব্রাঞ্চে ন্যূনতম ০১ বছরের কর্ম অভিজ্ঞতা (ক এবং খ উভয়ে কাজ করার অভিজ্ঞতা থাকলেও এই সেকশনে অন্তর্ভুক্ত হবে) | ০২ | |
| ৫. | **চাকুরী জীবনে বহুমুখী কর্ম অভিজ্ঞতা** (ঋণ ও অগ্রীম, বৈদেশিক বাণিজ্য, ট্রেজারি ম্যানেজমেন্ট, এইচআরএম, এন্টি মানি লন্ডারিং, প্রশিক্ষণ কেন্দ্র, পলিসি, আইটি, অডিট এন্ড ইন্সপেকশন, সাইবার সিকিউরিটি, লিটিগেশন বিভাগ ও শাখা প্রধান হিসেবে ন্যূনতম ০১ বছর কার্যসম্পাদন) | | **০২ নম্বর** |
| | (ক) ০৪ (চার) বা ততোধিক বিভাগে কার্যসম্পাদন | ০২ | |
| | (খ) ০৪ (চার) এর কম বিভাগে কার্যসম্পাদন | ০১ | |
| ৬. | **পেশাগত দক্ষতা** | | **০৫ নম্বর** |
| | (ক) আমানত সংগ্রহ/তহবিল ব্যবস্থাপনা | | |
| | (খ) ঋণ ব্যবস্থাপনা | | |
| | (গ) NPL ব্যবস্থাপনা | | |
| | (ঘ) AML/Cyber Security/Risk Management | | |
| | (ঙ) General Banking/Banking Laws & practices | | |
| | (চ) Innovative Financial Instruments Developement | | |

| | | |
|---|---|---|
| ৭. | **প্রশিক্ষণ/ওয়ার্কশপ/ সেমিনার/শিক্ষা সফরে অংশগ্রহণ (অভ্যন্তরীণ/ বৈদেশিক)** | **০২ নম্বর** |
| | **প্রশিক্ষণের নাম**<br>(ক) Foreign Trade Financing/Loan & Advance<br>(খ) Retail Banking/SME/Entrepreneurship Developement<br>(গ) Trade Financing/Working Capital Financing<br>(ঘ) Venture Capital Financing/Start-up Financing<br>(ঙ) Credit/Project Appraisal & Management<br>(চ) Human Resources Management<br>(ছ) Any Foreign Training/Workshop<br>(জ) CBS/ICT Training<br>(ঝ) Anti Money Laundering and Countering the Financing of Terrorism<br>(ঞ) Ethics, Integrity and Good Governance etc. | |
| ৮. | **পেশাগত প্রকাশনা** ( দেশে বিদেশে কোনো স্বীকৃত জার্নালে প্রকাশিত পেশাগত লেখা ও পুস্তক প্রকাশনা) | ০১ নম্বর |
| ৯. | **প্রাপ্ত প্রণোদনা/পুরস্কার** (বিশেষ কোনো কাজে সাফল্য অর্জনে ব্যাংক কর্তৃক প্রদত্ত প্রণোদনা ও পুরস্কার যা ব্যাংকের বোর্ড অব ডিরেক্টর কর্তৃক অনুমোদিত) | ০১ নম্বর |
| ১০. | **ইনোভেশন** (শুদ্ধাচার, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ই-নথি ব্যবস্থাপনা, ইন্টারনেট ব্যাংকিং, সফ্‌টওয়ার উন্নয়ন/নির্মাণ ইত্যাদি) | **০২ নম্বর** |
| ১১. | **কমিউনিকেশন দক্ষতা (গ্রাহক/আন্তঃপ্রাতিষ্ঠানিক যোগাযোগ)** | **০২ নম্বর** |
| ১২. | **বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর)** | **৪৫ নম্বর** |
| ১৩. | **সাক্ষাতকার গ্রহণ ও উপস্থাপনা**<br>(Power point উপস্থাপনার বিবেচ্য বিষয়সমূহ :- প্রার্থীর-ব্যক্তিত্ব, শিষ্টাচার, উপস্থাপনা ও নিয়ন্ত্রণ ক্ষমতা, ব্যাংকিং আইন-কানুন, আন্তর্জাতিক ব্যাংকিং, বাংলাদেশের ব্যাংকিং সমস্যা ও সমাধান, এন্টি মানি লন্ডারিং, অ্যাসেট ম্যানেজমেন্ট, NPL Recovery, Merger of Banks, Digital Banking ইত্যাদি যে কোন বিষয়ে ০৫ মিনিট উপস্থাপনা করতে হবে) | **১০ নম্বর** |
| | **মোট =** | **১০০ নম্বর** |

## নিয়োগের শর্তাবলি

৮। **বেতন ও ভাতাদি :**—সরকার ঘোষিত জাতীয় বেতন স্কেল অনুযায়ী (সরকার কর্তৃক সময়ে সময়ে সংশোধন/নতুনভাবে জাতীয় বেতন স্কেল ঘোষণা সাপেক্ষ) বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন।

৯।**ছুটি :**—মূল ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান (যে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে উপমহাব্যবস্থাপক হিসাবে কর্মরত ছিলেন) এর চাকুরী প্রবিধানমালা অনুযায়ী সংশ্লিষ্ট কর্মচারীগণের যাবতীয় ছুটি নির্ধারিত হবে।

১০। **পেনশন/গ্রাচুইটি, লিভ স্যালারী ও ভবিষ্য তহবিল :**—

(ক) কর্মরত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের বিধি মোতাবেক অথবা প্রযোজ্য ক্ষেত্রে, কর্মচারীর নিয়োগ/চুক্তিপত্র অনুযায়ী উক্ত আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন। এ উদ্দেশ্যে চাকুরীর মেয়াদকাল প্রথম নিয়োগের দিন হতে গণনা করা হবে।

(খ) সংশ্লিষ্ট কর্মকর্তার আবেদন অনুযায়ী কর্মরত ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান অথবা তাঁর মূল ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান তাঁর পিআরএল কালীন বেতন-ভাতা ও লামগ্রান্টসহ প্রাপ্য সকল অবসর সুবিধাদি সম্পূর্ণ প্রদান করিবে।

(গ) অবসর প্রদানকারী প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য যে সমস্ত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে তিনি কাজ করেছেন, সে সমস্ত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান পরবর্তিতে আনুপাতিক হারে (Proportionately) উক্ত অর্থ, অবসর সংক্রান্ত সুবিধাদি প্রদানকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানকে পরিশোধ করবে।

১১। **গোষ্ঠীবীমা ও অন্যান্য কল্যাণমূলক স্কীমের সুবিধাদি :**—কোনো কর্মচারী চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণ করলে মৃত্যুকালে যে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে কর্মরত ছিলেন, সে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হতে নিয়ম অনুযায়ী উক্ত সুবিধাদি প্রাপ্য হবেন।

১২। **উৎসাহ বোনাস :**—কোনো ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের কর্মচারীদেরকে কোনো আর্থিক বছরে বোনাস প্রদান করা হলে, সে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে কর্মরত ব্যবস্থাপনা পরিচালক, উপব্যবস্থাপনা পরিচালক এবং মহাব্যবস্থাপকও সে বোনাস প্রাপ্য হবেন। তিনি যদি কোন আর্থিক বছরে একাধিক ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে কাজ করে থাকেন তবে তিনি যে ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে কর্মরত ছিলেন, আনুপাতিক হারে সে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হতে উক্ত বোনাস গ্রহণ করবেন।

১৩। **আবাসিক সুবিধা :—**ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নিজস্ব বাড়ী না থাকলে বা ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হতে আবাসিক গৃহ/বাসা বরাদ্দ না করা হলে নিয়মানুযায়ী নির্ধারিত হারে বাড়ী ভাড়া প্রদান করা হবে।

১৪। **গাড়ীর সুবিধা :—**ব্যবস্থাপনা পরিচালক, উপব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপকগণ প্রচলিত নিয়ম অনুযায়ী ভাড়া কর্তন সাপেক্ষে সার্বক্ষণিকভাবে জ্বালানি এবং চালকসহ ১ (এক) টি করে গাড়ী ব্যবহারের সুবিধা পাবেন। প্রেষণে নিয়োগের ক্ষেত্রে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা পূর্বে গাড়ী ক্রয় বাবদ ঋণ গ্রহণ করে থাকলে তাঁর প্রাপ্য গাড়ী রক্ষণাবেক্ষণ ভাতা ঋণ প্রদানকারী ব্যাংক হতে প্রাপ্য হবেন।

১৫। **জ্যেষ্ঠতা :—**

(১) সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহে কর্মরত মহাব্যবস্থাপক, উপব্যবস্থাপনা পরিচালক ও ব্যবস্থাপনা পরিচালক পদে পদোন্নতির জন্য জ্যেষ্ঠতা সংশ্লিষ্ট পদে তাঁদের নিয়মিতভাবে পদোন্নতি প্রদানের তারিখ হতে গণনা করা হবে।

(২) কোনো কর্মচারীর পদোন্নতি প্রক্রিয়াধীন থাকাকালীন তিনি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বৈদেশিক নিয়োগ, বিদেশে প্রশিক্ষণ, লিয়েনে কর্মরত থাকা ইত্যাদি কারণে অন্যত্র অবস্থান করলে তাঁর পদোন্নতির বিষয়টিও সংশ্লিষ্ট কমিটি/ বোর্ড কর্তৃক বিবেচনা করা হবে। তবে, তিনি সংশ্লিষ্ট কমিটি কর্তৃক পদোন্নতির জন্য উপযুক্ত বিবেচিত হলে, তাঁর পদোন্নতি প্রদান সাময়িকভাবে স্থগিত থাকবে। পরবর্তীতে তিনি বৈদেশিক চাকুরী, বিদেশ প্রশিক্ষণ, লিয়েন ইত্যাদির জন্যে নির্ধারিত মেয়াদ শেষে চাকুরীতে প্রত্যাবর্তন করলে জ্যেষ্ঠতাসহ তাঁর পদোন্নতি কার্যকর করা হবে।

(৩) আর্থিক প্রতিষ্ঠান বিভাগ সংশ্লিষ্ট কর্মচারীগণের পদভিত্তিক জ্যেষ্ঠতা তালিকা সংরক্ষণ করবে এবং সময়ে সময়ে তা সংশ্লিষ্ট ব্যাংক/প্রতিষ্ঠান ও কর্মচারীগণের অবগতির জন্য প্রকাশ করবে।

(৪) সংশ্লিষ্ট কর্মচারীদের জ্যেষ্ঠত্বের যে সকল বিষয় এই অনুচ্ছেদে সুস্পষ্টভাবে উল্লেখ করা হয় নাই, সে সকল বিষয়ে সরকার কর্তৃক সময়ে সময়ে প্রণীত/জারীকৃত নির্দেশনা অনুসরণ করা হবে।

১৬। **আচরণ ও শৃঙ্খলাজনিত কার্যধারা :—**আচরণ ও শৃঙ্খলাজনিত বিষয়ে সংশ্লিষ্ট কর্মচারীগণ সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ ও সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ (উভয় ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে সংশোধন স্বয়ংক্রিয়ভাবে প্রযোজ্য হওয়া সাপেক্ষে) দ্বারা নিয়ন্ত্রিত ও পরিচালিত হবেন।

১৭। **পদত্যাগ :—**সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালার আওতায় বা আদালতে কোনো মামলা মুলতবী না থাকলে বা সরকার এবং সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নিকট কোনো আর্থিক দায়- দেনা না থাকলে এবং নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে, ৩ (তিন) মাসের নোটিশ প্রদান সাপেক্ষে অথবা ৩ (তিন) মাসের বেতনের সমপরিমাণ অর্থ সমর্পণপূর্বক কোনো ব্যবস্থাপনা পরিচালক, উপব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপক স্ব স্ব চাকুরী হতে পদত্যাগ করতে পারবেন।

১৮। **চাকুরী হতে অব্যাহতি :—**কোনো কর্মচারীকে চাকুরী হতে অব্যাহতি প্রদানের ক্ষেত্রে ১৯৭৪ সালের গণকর্মচারী অবসর আইন কার্যকর হবে। তবে চুক্তিভিত্তিক নিয়োজিত কোনো কর্মচারীর ক্ষেত্রে চুক্তিতে বর্ণিত অনুরূপ শর্তাবলী প্রযোজ্য হবে।

১৯। **অবসর গ্রহণ :—**অবসর গ্রহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারীগণ গণকর্মচারী (অবসর গ্রহণ) আইন, ১৯৭৪ এর বিধানাবলি (সরকার কর্তৃক সময়ে সময়ে সংশোধন ও কার্যকরণ সাপেক্ষে) দ্বারা নিয়ন্ত্রিত ও পরিচালিত হবেন।

২০। এই নিয়োগ পদ্ধতি ও নিয়োগের শর্তাবলীতে যে সকল বিষয় সুস্পষ্টভাবে উল্লেখ করা হয়নি, সে সকল বিষয়ে সংশ্লিষ্ট কর্মচারীগণ সরকারি কর্মচারীদের জন্য প্রযোজ্য বিধানাবলী দ্বারা নিয়ন্ত্রিত ও পরিচালিত হবেন।

২১। রাষ্ট্রমালিকানাধীন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের মহাব্যবস্থাপক ও তদূর্ধ্ব পদে নিয়োগ/পদোন্নতি ও পদায়ন বিষয়ে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক ইতোপূর্বে জারিকৃত সকল প্রজ্ঞাপন এতদ্বারা বাতিল বলে গণ্য হবে।

২২। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আসাদুল ইসলাম**
সিনিয়র সচিব।

---

## গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
## প্রশাসন-২ অধিশাখা

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ/০৬ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

নং ২৫.০১.০০০০.০১৪.০০.০০৬.৯৬-৬৪৯—Bangladesh Allocation Rules, 1982 এর ০৮ নম্বর বিধির ক্ষমতাবলে সরকার ঢাকাস্থ মিন্টো রোডে অবস্থিত ৪০ নম্বর বাড়িটি মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর অনুকূলে বাসস্থান হিসেবে নির্দিষ্টকরণ (Earmark) করলেন। নির্দিষ্ট বাড়িটি গণপূর্ত অধিদপ্তর যথারীতি রক্ষণাবেক্ষণ করবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোতাহার হোসেন**
উপসচিব।

**তথ্য মন্ত্রণালয়**

**টেলিভিশন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৯ ভাদ্র ১৪২৬/০৩ সেপ্টেম্বর ২০১৯

নং **১৫.০০.০০০০.০২৩.৩১.০৩৫.১৪-৩০০**—যেহেতু, আপনি জনাব মোহাম্মদ মাসুদুর রহমান, উর্ধ্বতন শিল্প নির্দেশক, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা কেন্দ্র এর বিরুদ্ধে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক (Facebook)-এ **"এইতো বাংলাদেশ আর সামান্ন বাকি ওয়েট"** ক্যাপশন দিয়ে একটি ভাঙ্গা রাস্তায় বাাংলাদেশের মানচিত্র নকশার নমুনা নির্দেশ করে আপত্তিকর একটি পোস্ট দেন। এ কারণে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা নং-২/২০১৮ রুজু করা হয় ;

যেহেতু, এ মন্ত্রণালয়ের ১০ জানুয়ারি ২০১৮ তারিখের ১৫.০০.০০০০.০২৩.০৩১.০৩০.১৪-৩৯৬ নং স্মারকে তথ্য মন্ত্রণালয়ের উপসচিব কাজী মোশতাক জহিরকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তিনি তদন্ত প্রতিবেদন দাখিল করেন ;

যেহেতু, তদন্ত প্রতিবেদনে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর ৪(খ) বিধি অনুযায়ী আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে ;

যেহেতু, আপনি ব্যক্তিগত শুনানীতে হাজির হন এবং লিখিত জবাবে আন্তরিকভাবে ক্ষমা প্রার্থনা করেন ও ভবিষ্যতে এ বিষয়ে আরো সতর্ক থাকবেন মর্মে আনীত অভিযোগ হতে অব্যাহতি চেয়েছেন ;

যেহেতু শুনানীতে আপনার বক্তব্য/জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে আপনি 'অসদাচরণ' এর দায়ে দোষী। এ কারণে দন্ড পাওয়ার যোগ্য ;

সেহেতু, আপনি জনাব মোহাম্মদ মাসুদুর রহমান, উর্ধ্বতন শিল্প নির্দেশক, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা কেন্দ্র- কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালা ৪(২)(ক) বিধিমতে তিরস্কার দন্ড প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবদুল মালেক**
সচিব।

**টিভি-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৬ কার্তিক ১৪২৬/২২ অক্টোবর ২০১৯

নং **১৫.০০.০০০০.০২৪.০৬.০০১.১৯-৪৭৪**—বেসরকারি মালিকানায় স্যাটেলাইট টেলিভিশন চ্যানেল ও অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক বিদেশি স্যাটেলাইট ভাড়া, ব্যান্ডউইথ ভাড়া ও বিদেশি অনুষ্ঠান আমদানীর অর্থ পরিশোধের রেমিট্যান্স এবং বিদেশি পে-টিভি চ্যানেলের ডিস্ট্রিবিউটর ও ডিটিএইচ (ডাইরেক্ট টু হোম) কোম্পানী কর্তৃক অনিবাসী প্রিন্সিপাল বরাবর রেমিট্যান্স প্রেরণের সুপারিশ প্রদানের জন্য নিম্নরূপ কমিটি করা হলো:

**আহবায়ক**

১. অতিরিক্ত সচিব (সম্প্রচার), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

২. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।

৩. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, ঢাকা।

৫. ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড, ঢাকা।

৬. বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এর প্রতিনিধি

৭. জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিনিধি

৮. বাাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি

**সদস্য-সচিব**

৯. উপসচিব (টিভি-২), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। **কমিটির কার্যপরিধি** :

(ক) বেসরকারি মালিকানায় স্যাটেলাইট টেলিভিশন চ্যানেল কর্তৃক বিদেশি স্যাটেলাইট ভাড়া, ব্যান্ডউইথ ভাড়া ইত্যাদি পরিশোধের রেমিট্যান্স প্রেরণের প্রয়োজনীয় কাগজপত্র পর্যালোচনা ও সুপারিশ প্রদান ;

(খ) বিদেশি পে-টিভি চ্যানেলের ডিস্ট্রিবিউটর ও ডিটিএইচ (ডাইরেক্ট টু হোম) কোম্পানী কর্তৃক অনিবাসী প্রিন্সিপাল বরাবর রেমিট্যান্স প্রেরণের প্রয়োজনীয় কাগজপত্র পর্যালোচনা ও সুপারিশ প্রদান ; ও

(গ) বেসরকারি টেলিভিশন চ্যানেল ও অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক বিদেশি অনুষ্ঠান আমদানীর অর্থ পরিশোধের রেমিট্যান্স প্রেরণের প্রয়েজনীয় কাগজপত্র পর্যালোচনা ও সুপারিশ প্রদান।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রুজিনা সুলতানা**
উপসচিব।

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপশাখা-২**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ : ২০ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ/০৫ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০০৬.১৬(অংশ-১).৪১০**—State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর ১৪৪ ধারা (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪ বিধি অনুযায়ী ভূমি মন্ত্রণালয়ের ২১-১১-২০১৭ তারিখের ৩১.০০.০০০০.০৪৯.০০৬.১৬-২৩৯ নম্বর বিজ্ঞপ্তি মোতাবেক ফরিদপুর জোনের অধীন শরিয়তপুর জেলার শরীয়তপুর সদর উপজেলার ৬০ নম্বর পালং মৌজাসহ ২৭টি মৌজার গেজেট বিজ্ঞপ্তি গত ২৮-১২-২০১৭ তারিখে ২০১৭ সনের ৫২ নম্বর বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়। উক্ত গেজেট বিজ্ঞপ্তি আংশিক সংশোধনক্রমে কেবল নিম্নের শরিয়তপুর জেলার শরিয়তপুর সদর উপজেলার ৬০ নম্বর পালং মৌজাটির গেজেট বিজ্ঞপ্তি এতদ্বারা বাতিল করা হলো।

| ক্রম | মৌজার নাম | জে এল নম্বর | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|
| ১. | পালং | ৬০ | শরিয়তপুর সদর | শরিয়তপুর |

তারিখ : ২৬ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ/১১ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০১৫.১৫.৪২৮**—The Survey Act, 1875 (১৮৭৫ সনের ৫ম আইন)এর ৩ ধারা এবং The State Acquisition and Tenancy Act, 1950 (১৯৫১ সনের ২৮ নম্বর আইন)-এর ১৪৪ ধারার ১ নম্বর উপ-ধারায় বর্ণিত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক মানিকগঞ্জ জেলার হরিরামপুর উপজেলার ৫টি এবং মুন্সিগঞ্জ জেলার গজারিয়া উপজেলার ১টি মোট = ৬টি মৌজার ডিজিটাল পদ্ধতিতে জরিপ আরম্ভ করার প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করা হল :

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | এরিয়া (একরে) | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ১. | নছরতপুর | ১৯৮ | ২৪৯.৯৬ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| ২. | রঘুনাথপুর | ৩৪৭৪ | ১০৮.২৬ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| ৩. | পশ্চিমচর | ৩৪৯৩ | ৩১১.০০ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| ৪. | জালালদী | ৩৪৯৪ | ৩৪০.০৭ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| ৫. | আব্দুলপুর | ৩৪৯৫ | ৩৬.০০ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| ৬. | মল্লিকের চর | ৭২ | ৩৯০.৮৩ | গজারিয়া | মুন্সিগঞ্জ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো. আব্দুর রহমান**
উপসচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৯ কার্তিক ১৪২৬/০৫ নভেম্বর ২০১৯

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৫.১৯-৯১৮**—চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া থানার মামলা নং-২৭৩/১৯ মামলাটি তদন্তের নিমিত্ত ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৩.১৯-৯২০**—নারায়ণগঞ্জ জেলার ফতুল্লা থানার মামলা নং-১০৫, তারিখ : ২৯-০৭-১৮ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা দেশের সার্বভৌমত্ব বিপন্ন করার লক্ষ্যে জনসাধারনের মধ্যে আতংক সৃষ্টির উদ্দেশ্যে কিংবা স্পর্শকাতর কোনো ব্যক্তিকে হত্যা, জখম কিংবা সরকারি সম্পত্তি ক্ষতি সাধন ও ধ্বংস করার ষড়যন্ত্র, প্রস্তুতি ও প্রচেষ্টার মাধ্যমে বিভিন্ন বয়সের লোকদের প্ররোচিত করাসহ অবৈধ আগ্নেয়াস্ত্র নিজ হেফাজতে রাখার অপরাধে জড়িত।

০২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৩.১৯-৯২১**—নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ থানার মামলা নং-২৭, তারিখ : **১১-০৬-১৭** খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জেএমবির সদস্য হয়ে সন্ত্রাসী কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে বাংলাদেশের অখন্ড সংহতি, সার্বভৌমত্ব বিপন্ন করাসহ নিষিদ্ধ সত্ত্বার সদস্য সমর্থন করার অপরাধ সংঘটনের ষড়যন্ত্র ও সন্ত্রাসী কর্মকান্ডে প্ররোচিত করার অপরাধে জড়িত।

০২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৩.১৯-৯২২**—নারায়ণগঞ্জ জেলার সিদ্ধিরগঞ্জ থানার মামলা নং-৩৩, তারিখ : ০৮-১১-১৭ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা পরস্পর যোগসাজসে রাষ্ট্র বিরোধী কর্মকান্ড সংঘটনের উদ্দেশ্যে সন্ত্রাসী কর্মকান্ডের সদস্য হওয়া, সমর্থন, প্ররোচনা ও ষড়যন্ত্রসহ সার্বিক সহায়তা করার অপরাধে জড়িত।

০২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শরীফুল আলম তানভীর**
সিনিয়র সহকারী সচিব।

---

**[একই স্মারক ও তারিখের প্রতিস্থাপিত হইবে]**
**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**
**প্রশাসন অধিশাখা-০২**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ/০৮ আগস্ট ২০১৯ খ্রিস্টাব্দ

নং **৪৭.৬১.০০০০.০৩২.০৬.১৪৭.১৭(অংশ-১)-৩৪০**—সমবায় সমিতি আইন, ২০০১ (২০০১ সনের ৪৭ নং আইন, সংশোধিত-২০০২ ও ২০১৩ সনের ২৯নং আইন ও ১নং আইন) এর ধারা ৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে সোনার বাংলা সমবায় কটন মিলস লিঃ- কে একই আইনের ১৮(৫), ১৮(৬), ১৮(৭) ধারা হতে নির্দেশক্রমে নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে নিম্নবর্ণিত শর্তে এতদ্বারা এককালীন অব্যাহতি প্রদান করা হলো :

**সভাপতি**

০১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী

**সদস্যবৃন্দ**

০২। সহকারী পুলিশ সুপার, রায়পুরা সার্কেল, নরসিংদী
০৩। অধ্যক্ষ-উপনিবন্ধক, আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, নরসিংদী
০৪। জেলা সমবায় কর্মকর্তা, নরসিংদী
০৫। উপজেলা সমবায় কর্মকর্তা, নরসিংদী সদর, নরসিংদী

**শর্তাবলি :**

(ক) ২০-০৩-২০১৮ খ্রিঃ তারিখ মূলে গঠিত সোনার বাংলা সমবায় কটন মিল্স লিঃ এর বর্তমান অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটির মেয়াদ জনস্বার্থে আদেশ জারির তারিখ হতে পরবর্তী আরও ০২ (দুই) বছরের জন্য বৃদ্ধি করা হলো ;

(খ) বর্তমান অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি কর্তৃক বর্ণিত সমিতির নির্বাচন বিষয়ে দাখিলকৃত মামলাগুলো দ্রুত নিস্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে ; এবং

(গ) মামলা নিস্পত্তি সাপেক্ষে বর্তমান অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি বর্ধিত মেয়াদকালের মধ্যে সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এ বর্ণিত নির্বাচন সংক্রান্ত সকল বিধি বিধান অনুসরণপূর্বক নির্বাচিত কমিটির নিকট দায়িত্বভার হস্তান্তর করতে হবে।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফারহানা হক**
উপসচিব (সমবায়, প্রশাসন)।

**স্থানীয় সরকার বিভাগ**
**(উন্নয়ন-১ শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২০ ভাদ্র ১৪২৬/০৪ সেপ্টেম্বর ২০১৯

নং **৪৬.০৬৭.০০৩.০০.০০.০৪৩.২০১১-৭৬৮১**—যেহেতু, জনাব মোঃ জামাল হোসেন, সাবেক নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) (বর্তমানে সাময়িক বরখাস্ত), এলজিইডি, ভোলা-এর বিরুদ্ধে স্থানীয় সরকার বিভাগ হতে বিগত ০৪-১০-২০১০ তারিখের নং-স্থাসবি/শাঃ/উন্নয়ন-১/বিমা/৭১/২০১০/৭০৭ স্মারকমূলে অদক্ষতা, অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলা দায়ের করা হয় ;

যেহেতু, স্থানীয় সরকার বিভাগের বিগত ০৫-১০-২০১০ তারিখের নং-স্থাসবি/শাঃ/উন্নয়ন-১/বিমা/৭১/২০১০/৭০৯, স্মারকমূলে তাঁকে সরকারি চাকুরী হতে সাময়িক বরখাস্ত করা হয় ;

যেহেতু, স্থানীয় সরকার বিভাগ হতে বিগত ১৯-১০-২০১০ তারিখের স্থাসবি/শাঃ/উন্নয়ন-১/বিমা/৭৫/২০১০/৭৪৬ স্মারকমূলে অসদাচরণের দায়ে আরও একটি বিভাগীয় মামলা দায়ের করা হয় ;

যেহেতু, এলজিইডি এর গত ২৩-০৯-২০১০ তারিখের এলজিইডি/সিই/ই-৪৭/২০০২/৮৬৫১ সংখ্যক আদেশমূলে তাঁকে নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ভোলা জেলা হতে পল্লী উন্নয়ন অবকাঠামো উন্নয়ন প্রকল্প পার্বত্য চট্টগ্রাম এর সদর দপ্তরে নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) হিসেবে বদলি করা হয় ;

যেহেতু, স্থানীয় সরকার বিভাগের ২৬-০৬-২০১১ তারিখের ৪৬.০৬৭.০০৩.০০.০৪৩.২০১১-৫২২ সংখ্যক স্মারকমূলে অদক্ষতা, অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে আরও একটি বিভাগীয় মামলা দায়ের করা হয় ; এবং

যেহেতু, তিনি বদলির আদেশ ও সাময়িক বরখাস্ত আদেশের বিরুদ্ধে মাননীয় হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং-৮০৫৩/২০১১ দায়ের করেন। উক্ত রীট পিটিশনে উভয় পক্ষে চূড়ান্ত শুনানী অন্তে গত ৩০-০১-২০১৭ তারিখে মহামান্য হাইকোর্ট বিভাগ তাঁর পক্ষে রায় প্রদান করেন ; যেহেতু, রীট পিটিশন নং-৮০৫৩/২০১১ এর রায়ের বিপরীতে সিভিল পিটিশন ফর লীভ টু আপীল (নং-১৯৭৯/১৮) দায়ের করা হলে মাননীয় সুপ্রিম কোর্টের আপিলেট ডিভিশন গত ২৮-১০-২০১৮ তারিখে মামলাটি dismissed করেন ; এবং যেহেতু, আপিল বিভাগের রায়ের বিরুদ্ধে সরকার কর্তৃক সিভিল রিভিউ পিটিশন নং-২২০/২০১৯ দায়ের করা হলে গত ২৫-০৭-২০১৯ তারিখের রায়ে মামলাটি dismissed করেন।

সেহেতু, মাননীয় সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৮০৫৩/২০১১ আদেশ অনুযায়ী জনাব মোঃ জামাল হোসেন, উপ-প্রকল্প পরিচালক (সাময়িক বরখাস্ত), প্রেষণে-বৃহত্তর চট্টগ্রাম জেলা পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প, এলজিইডি সদর দপ্তর, ঢাকা- কে স্থানীয় সরকার বিভাগের উন্নয়ন-১ শাখার বিগত ০৫-১০-২০১০ খ্রিঃ তারিখের স্থাসবি/শাঃ/উন্নয়ন-১/বিমা/৭৫/২০১০/৭০৯ সংখ্যক প্রজ্ঞাপনের মাধ্যমে সাময়িক বরখাস্তের আদেশটি এতদ্বারা প্রত্যাহার করা হলো। একই সাথে তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা ০৩ (তিন)টি নিস্পত্তি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হেলালুদ্দীন আহমেদ**
সচিব।

---

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**মৎস্য-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৮ অগ্রহায়ণ ১৪২৬/০৩ ডিসেম্বর ২০১৯

**নং ৩৩.০০.০০০০.১২৮.১৪.০১৫.১৪-২৭৮**—মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম কর্তৃক বাস্তবায়িত "মেরিন ফিশারিজ একাডেমি (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পটি ৩০-০৬-১৯৯৮ তারিখে সমাপ্ত হয়। উক্ত সমাপ্ত প্রকল্পের পদগুলো রাজস্ব বাজেটে স্থানান্তরকালে "কম্পিউটার সহকারী" পদের নাম আংশিক পরিবর্তন করে "ডিইও (কম্পিউটার সহকারী)" করা হয়। পরবর্তীতে মেরিন ফিশারিজ একাডেমির নিয়োগ বিধিমালা প্রণয়নকালে জনপ্রশাসন মন্ত্রণালয়ে ০৯-০৩-২০১৫ তারিখে অনুষ্ঠিত উপকমিটির সভায় পদটির নাম পরিবর্তন করে "ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর" করার সুপারিশ করা হয়। সেমতে "মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের (মেরিন ফিশারিজ একাডেমি কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৮" এর তফসিলে বর্ণিত ২২ নং ক্রমিকের পদটি "ডিইও (কম্পিউটার সহকারী)" এর পরিবর্তে "ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর" নামকরণ করা হয় যা ইতোমধ্যে গেজেটে প্রকাশিত হয়েছে।

২। এক্ষণে "সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯" এর তফসিল-১ এ বর্ণিত ২০নং ক্রমিক মোতাবেক মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম এর "ডিইও (কম্পিউটার সহকারী)" পদটির বিদ্যমান বেতনক্রম অপরিবর্তিত রেখে "ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর" নামে পরিবর্তন করা হলো।

৩। এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯-০৯-২০১৯ তারিখের নং-০৫.১৫৭.০২৮.০২.০৬.০৮৪.১৯৯৩(খণ্ড-৪)-২০৮ সংখ্যক স্মারকে এবং অর্থ বিভাগের ১১-১১-২০১৯ তারিখের নং ০৭.০০. ০০০০. ১৩০.৩৩.০০৬.১৯-৩৬২ সংখ্যক স্মারকে সম্মতি রয়েছে।

রাষ্টপতির আদেশক্রমে

**এস. এম. তারিক**
উপসচিব।